

## দিনেও শাহজালালে দুই ঘণ্টা বন্ধ থাকছে ফ্লাইট ওঠানামা

- A Monitor Desk Report

Date: 12 December, 2021



হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাতে ১০ ডিসেম্বর থেকে সংস্কারকাজের জন্য আট ঘণ্টা ফ্লাইট ওঠানামা বন্ধ আছে। এবার দিনেও দুই ঘণ্টার বেশি সময় ফ্লাইট ওঠানামা বন্ধ থাকছে।

শাহজালাল বিমানবন্দর সূত্রে জানা যায়, রাতের ফ্লাইটগুলোর সময়সূচি পুনর্বিন্যাসের পর বিমানবন্দরে ফ্লাইট ও যাত্রীর চাপ সামাল দিতে হিমশিম খাচ্ছে কর্তৃপক্ষ।

হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ কমান্ডার তৌহিদুল ইসলাম বাংলাদেশ মনিটরকে বলেন, পাঁচ দিনের জন্য দিনের বেলায়ও দুই ঘণ্টার বেশি সময় ফ্লাইট ওঠানামা বন্ধ থাকছে। বিজয় দিবসের কুচকাওয়াজে ফ্লাই ফাস্টের প্রস্তুতির জন্য ১১ থেকে ১৪ ডিসেম্বর ও ১৬ ডিসেম্বর বিমানবন্দরের রানওয়ে ব্যবহার করা হবে। ফলে এ ৫ দিন বিমানবন্দরে বাণিজ্যিক ফ্লাইট ওঠানামা সকাল ১০টা ১৫ মিনিট থেকে দুপুর পৌনে একটা পর্যন্ত বন্ধ থাকবে।

সকালের ওই সময়ের ফ্লাইটগুলোর সময়সূচিও পুনর্বিন্যাস করা হয়েছে বলে জানিয়েছেন তিনি।

উল্লেখ্য যে, বিমানবন্দরে হাইস্পিড ট্যাক্সিওয়ের নির্মাণকাজের জন্য ১০ ডিসেম্বর থেকে ৬ মাস রাত ১২টা থেকে সকাল ৮টা পর্যন্ত ফ্লাইট ওঠানামা বন্ধ রাখছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)।